

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৪.২০১১-১৬২৪

তারিখঃ ১৮.০৬.২০১২

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ সুলতানা শামীউল বাশার (১১২৫৮৬), প্রভাষক, এনাটমি বিভাগ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা বুজু করে এ মন্ত্রণালয়ের ৩০.০৬.২০১১ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৪.২০১১-৭৪৯ নম্বর স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে "চাকুরি হতে অপসারণ" করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

একগে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(সি) বিধি মোতাবেক সরকারী "চাকুরি হতে অপসারণ" (Removal from Service) করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হলো।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ পাতা


(খোরশেদ আলম চৌধুরী)
অতিরিক্ত সচিব


ডাঃ সুলতান শামীউল বাশার (১১২৫৮৬)
প্রভাষক, এনাটমী বিভাগ
শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া
(স্থায়ী ঠিকানাঃ- ইব্রাহীম খান লেন, কাটনারপাড়া, বগুড়া)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৪.২০১১-১৬২৪/৩ (৪)

তারিখঃ ১৮.০৬.২০১২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় লটকিয়ে জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)


(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২

sasdisc1@mohfw.gov.bd